# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

**অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা**

পত্র নং: আশিবো/প্রশা/২০১০/৮৪ তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি.

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার জীববিজ্ঞান ১ম পত্র (বিষয় কোড-১৭৮)-এর সিলেট বোর্ডের অধীনে প্রশ্নপত্রের প্রণয়নকারী হিসেবে আপনি নিয়োগপ্রাপ্ত হয়ে উল্লিখিত বিষয় ও পত্রের প্রশ্নপত্র প্রণয়ন করেন, যা পরবর্তীতে লটারির মাধ্যমে ঢাকা শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা ২০২৫-এর জন্য নির্ধারিত হয়। গত ২৮/০৭/২০২৫ তারিখ উক্ত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। লক্ষ করা যায় যে, শ্রীমঙ্গল সরকারি কলেজ, মৌলভীবাজার-এর জীববিজ্ঞান ১ম পত্র (বিষয় কোড-১৭৮) নির্বাচনী পরীক্ষার প্রশ্নপত্রের MCQ অংশের সাথে ঢাকা শিক্ষা বোর্ডের MCQ অংশ মিলে যায়, যা প্রশ্নপত্র প্রণয়নে গাফিলতি এবং দায়িত্বে অবহেলার সামিল।

এ বিষয়ে আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

29.7.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-৯৬১৫২৩৫

জনাব বিজন চন্দ্র দেবনাথ
সহযোগী অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ
শ্রীমঙ্গল সরকারি কলেজ, মৌলভীবাজার

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৩. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. অধ্যক্ষ, শ্রীমঙ্গল সরকারি কলেজ, মৌলভীবাজার
৫. সচিব (রুটিন দায়িত্ব) মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।